

ওগো আমার চির-অচেনা পরদেশী,
 ক্ষণতরে এসেছিলে নির্জন নিকুঞ্জ হতে কিসের আহ্বানে ॥
 যে কথা বলেছিলে ভাষা বুঝি নাই তার,
 আভাস তারি হৃদয়ে বাজিছে সদা
 যেন কাহার বাঁশির মনোমোহন সুরে ॥
 প্রভাতে একা বসে গেঁথেছিলাম মালা,
 ছিল পড়ে তৃণতলে অশোকবনে ।
 দিনশেষে ফিরে এসে পাই নি তারে,
 তুমিও কোথা গেছ চলে—
 বেলা গেল, হল না আর দেখা ॥

Parjaay: Prem, Taal: Ardha Jhaptaal, Raag: Bhimpalasi
 Visit www.geetabitan.com for notation and other detail